

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৩১১৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২১১]

১৬। হজ্জ (حما باكذ)

পরিচ্ছেদঃ ৬৭. বিদায়ী ত্বওয়াফ বাধ্যতামূলক কিন্তু ঋতুবতী মহিলার ক্ষেত্রে তা পরিত্যাজ্য

باب وُجُوبِ طَوَافِ الْوَدَاعِ وَسُقُوطِهِ عَنِ الْحَائِضِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا لَيْتُ، ح وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ رُمْحٍ، حَدَّثَنَا اللَّيْتُ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ أَبِي سَلَمَةَ، وَعُرْوَةَ، أَنَّ عَائِشَةَ، قَالَتْ حَاضَتْ صَفِيَّةُ بِنْتُ حُيَيِّ بَعْدَ مَا أَفَاضَتْ _ قَالَتْ عَائِشَةُ _ فَذَكَرْتُ حِيضَتَهَا لِرَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم قَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " أَحَابِسَتُنَا هِيَ " . قَالَتْ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ إِنَّهَا قَدْ كَانَتْ أَفَاضَتْ وَطَافَتْ بِالْبَيْتِ ثُمَّ حَاضَتَ بَعْدَ الإِفَاضَةِ . فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " قَالَتْ بَعْدَ الإِفَاضَةِ . فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " قَالَتْ فَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " قَالَتْ فَالَ وَسُلم " قَالَتْ فَالَ الله عليه وسلم " قَالَتْ فَالْتُ وَسُلْ الله عليه وسلم " فَالْتَوْرُ" .

বাংলা

৩১১৩-(৩৮২/১২১১) কুতায়বাহ ইবনু সাঈদ ও মুহাম্মাদ ইবনু রুমূহ (রহঃ) আবৃ সালামাহ্ ও উরওয়াহ্ (রহঃ) থেকে বর্ণিত। 'আয়িশাহ (রাযিঃ) বলেন, উন্মূল মু'মিনীন সফিয়্যাহ বিনতু হুয়াই (রাযিঃ) ত্বওয়াফে ইফাযাহ করার পর হায়য়গ্রস্ত হয়ে পড়েন। আয়িশাহ (রাযিঃ) আরও বলেন, আমি তার হায়িয়ের কথা রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উল্লেখ করলাম। রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ সে কি আমাদেরকে আটকিয়ে রাখবে? আয়িশাহ্ (রাযিঃ) বলেন, আমি বললাম, হে আল্লাহর রসূল! সে ত্বওয়াফে ইফাযাহ করার পর হায়য়গ্রস্ত হয়েছে। রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, তাহলে সে রওনা হতে পারে।* (ইসলামিক ফাউন্ডেশন ৩০৮৮, ইসলামীক সেন্টার ৩০৮৫)

English

'A'isha (Allah be pleased with her) reported:

Safiyyah bint Huyayy entered the period of menses after performing Tawaf Ifada. I made a mention of her menses to Allah's Messenger (ﷺ), whereupon Allah's. Messenger (ﷺ) remarked: Well, then she will detain us. I said:



Messenger of Allah. she has performed Tawif Ifada and circumambulated the House, and it was after this that she entered the period of menses.

Thereupon Allah's Messenger () said: (If it is so), then proceed forth.

ফুটনোট

* এসব বর্ণনা থেকে জানা গেল যে, ত্বওয়াফে বিদা হায়য মহিলাদের জন্য মাফ। তবে তাদেরকে তওয়াফে ইফাযাহ অবশ্যই করতে হবে। কেননা এটা হল রুকন। আর তওয়াফে ইফাযাহ না করে ঋতুবতী মহিলা দেশে রওনা হতে পারবে না। এ ত্বওয়াফ (তাওয়াফ/তওয়াফ) না করেই যদি সে দেশে চলে যায় তবে হাজের (হজের/হজের) ফাযীলাত থেকে বঞ্চিত থাকবে। আর উল্লেখ্য যে, ত্বওয়াকে ইফাযাকে ত্বওয়াফে যিয়ারাত বলা হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবু সালামাহ্ ইবনু আবদুর রাহমান (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন